

একই স্মারক ও তারিখের প্রাতিষ্ঠাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-মহাপরিচালকের কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, বরিশাল রেঞ্জ
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.১০০৬.০০১.৩০.০৩১.২২-১৯২০

তারিখ ২২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ।
০৭ ডিসেম্বর ২০২২ খ্রিঃ।

- প্রতি :** জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
বরিশাল/পটুয়াখালী/ভোলা/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি।
- বিষয় :** ইউনিয়ন ও ওয়ার্ড দলনেতা মৌলিক প্রশিক্ষণে নামীয় তালিকা ও প্রশিক্ষণার্থী প্রেরণ প্রসঙ্গে।
- সূত্র :** ক। আভি সদর দপ্তরের স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০২৯.২২-৩০১, তারিখ-০৫/১২/২০২২ খ্রিঃ।
খ। প্রশিক্ষণ নির্দেশিকা ২০২২-২০২৩, কোর্ড নং-০৫.০৪, পাতা নং ৬৪-৬৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বরিশাল রেঞ্জাধীন ইউনিয়ন ও ওয়ার্ড দলনেতা ২১ (একুশ) দিন মেয়াদী মৌলিক প্রশিক্ষণ ১ম ধাপ আগামী ১৮/১২/২০২২ হতে ০৭/০১/২০২৩ খ্রিঃ পর্যন্ত জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, বরিশাল প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্তে আপনার জেলা হতে নিম্নবর্ণিত কোটা অনুযায়ী যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণার্থী বাছাই করে ছক 'খ' ও 'গ' পূরণপূর্বক আগামী ১২/১২/২০২২ খ্রিঃ অত্র দপ্তরে নামীয় তালিকা এবং প্রশিক্ষণার্থীদের আগামী ১৭/১২/২০২২ খ্রিঃ অপরাহ্নে প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ছক-ক'- কোটা ও যোগ্যতা।


ক্রঃ নং	জেলার নাম	প্রশিক্ষণার্থীর কোটা		প্রশিক্ষণার্থীর যোগ্যতা
		ইউনিয়ন দলনেতা	ওয়ার্ড দলনেতা	
১.	বরিশাল	১৩	০৪	১। ইউনিয়ন দলনেতাদের ক্ষেত্রে আনসার ও ভিডিপি সংগঠনের প্রাটিনভুক্ত ও ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য হতে হবে (মৌলিক প্রশিক্ষণ সনদ সঙ্গে আনতে হবে)। ২। ওয়ার্ড দলনেতাদের ক্ষেত্রে প্রাটিনভুক্তির সনদ থাকতে হবে। ৩। শিক্ষাগত যোগ্যতা ও ইউনিয়ন চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের মূল ও ফটোকপি সঙ্গে আনতে হবে। ৪। সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।(প্রমাণপত্র জমা দিতে হবে)। ৫। বয়স : ২০ হতে ৩০ বছর। ৬। শারীরিকভাবে অবশ্যই যোগ্যতাসম্পন্ন হতে হবে। ৭। প্রশিক্ষণার্থীগণকে হালকা বিছানাপত্র সঙ্গে আনতে হবে। ৮। কমপক্ষে এসএসসি পাশ হতে হবে (মূল সনদপত্র সঙ্গে আনতে হবে)।
২.	পটুয়াখালী	০৩	০২	
৩.	ভোলা	০৮	০৪	
৪.	পিরোজপুর	০১	০১	
৫.	বরগুনা	০৪	-	
৬.	ঝালকাঠি	০৫	০১	
মোট=		৩৪	১২	

ছক-'খ'ঃ প্রশিক্ষণার্থীদের নামীয় তালিকা ছক (ইউনিয়ন দলনেতা)

ক্রঃ নং	পদবী	নাম, পিতা ও মাতার নাম	গ্রাম ও ডাকঘর	ইউনিয়ন নং ও ইউনিয়নের নাম	উপজেলা ও জেলা	শিক্ষাগত যোগ্যতা	জন্ম তারিখ	ভোটার আইডি নম্বর	প্রাটিনভুক্ত এবং মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত কি না?	ইউনিয়নের দলনেতা (সংশ্লিষ্ট) অন্য আছে কি না?	অন্য থাকার কারণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
০১												

ছক-'গ'ঃ প্রশিক্ষণার্থীদের নামীয় তালিকা ছক (ওয়ার্ড দলনেতা)

ক্রঃ নং	পদবী	নাম, পিতা ও মাতার নাম	গ্রাম ও ডাকঘর	পৌরসভার নাম ও ওয়ার্ড নং	উপজেলা ও জেলা	শিক্ষাগত যোগ্যতা	জন্ম তারিখ	ভোটার আইডি নম্বর	প্রাটিনভুক্ত এবং মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত কি না?	ওয়ার্ডের দলনেতা (সংশ্লিষ্ট) অন্য আছে কি না?	অন্য থাকার কারণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
০১												



মোঃ আশরাফুল আলম
বিএডি নং-১২০০৬০
পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
বরিশাল রেঞ্জ, বরিশাল।
মোবাইল-০১৭৩০০৩৮০৫৫
ই-মেইল-rcbarisal@ansarvdp.gov.bd

